# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ১১ অক্টোবর ২০২২ খ্রি.

**চট্টগ্রাম জেলা পরিষদ নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থীর মতবিনিময় সভায় মেয়র**

## পেয়ারুল ইসলামকে জেলা পরিষদ নির্বাচনে বিজয়ী করে প্রধানমন্ত্রীর ঘোষনা “গ্রাম হবে শহর” বাস্তবায়ন করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, তথ্য প্রযুক্তির কারণে পৃথিবী আজ একটি গ্লোবাল ভিলেজ বা বৈশ্বিক গ্রাম। দেশের যে কোন উন্নয়ন প্রান্তিক জনপদ স্পর্শ করতে না পারলে এবং সুষম বণ্টনের পর্যায়ে আনা না গেলে সে উন্নয়ন সত্যিকার অর্থে কোন কাজে আসেনা। তাই প্রধানমন্ত্রী ঘোষনা গ্রাম হবে শহর। প্রধানমন্ত্রীর এই ঘোষনাকে বাস্তবায়ন করতে হলে আগামী ১৭ই অক্টোবর চট্টগ্রাম জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী এ.টি.এম পেয়ারুল ইসলামকে বিজয়ী করতে হবে। ভোটারদের কষ্ট করে ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে ভোট প্রদান করার আহ্বান জানান তিনি। আজ মঙ্গলবার সকালে আন্দরকিল্লা পুরাতন নগর ভবনের কে.বি আবদুস সত্তার মিলনায়তনে চট্টগ্রাম জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত চেয়ারম্যান পদপ্রার্থী এ.টি.এম পেয়ারুল ইসলামের সমর্থনে আয়োজিত চসিক কাউন্সিলগণের সাথে মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন।

কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসনীর সঞ্চালনায় মতবিনিময় সভায় বক্তব্য রাখেন মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহাতাব উদ্দিন চৌধুরী, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক মেয়র ও মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ.জ.ম নাছির উদ্দীন, জেলা পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী এ.টি.এম পেয়ারুল ইসলাম, উত্তর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শেখ আতাউর রহমান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিপি মাযহারুল হক শাহ চৌধুরী, প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, আফরোজা কালাম। এতে উপস্থিত ছিলেন-কাউন্সিলর হাজী নুরুল হক, মো. শহিদুল আলম, সালেহ আহম্মদ চৌধুরী, অধ্যাপক মো. ইসমাইল, হাসান মুরাদ বিপ্লব, জহর লাল হাজারী, গাজী শফিউল আজিম, ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, জহুরুল আলম জসিম, মো. শাহেদ ইকবাল বাবু, মো. শফিকুল ইসলাম, এম আশরাফুল আলম, মোবারক আলী, মো. এসরারুল হক, মো. নুরুল আমিন, নাজমুল হক ডিউক, আবদুল মান্নান, আবুল হাসনাত মো. বেলাল, মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী, মো. সলিমউল্লাহ বাচ্চু, শৈবাল দাশ সুমন, লায়ন মো. ইলিয়াছ, শেখ জাফরুল হায়দার চৌধুরী, নজরুল ইসলাম বাহাদুর, গোলাম মো. জোবায়ের, পুলক খাস্তগীর, মোরশেদ আলী, সংরক্ষিত কাউন্সিলর জোবাইদা নারগিস খান, লুৎফুননেছা দোভাস বেবী, নীলু নাগ, জেসমীন পারভিন জেসী, হুরে আরা বেগম, আনজুমান আরা, রুমকী সেন গুপ্ত প্রমুখ।

মহানগর আওয়ামী লীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহাতাব উদ্দিন চৌধুরী বলেন, এ.টি.এম পেয়ারুল ইসলাম তৃণমুল থেকে উঠে আসা পোড়খাওয়া রাজনৈতিক কর্মী। প্রধানমন্ত্রী মনোনীত যোগ্য এই প্রার্থীকে জয়যুক্ত করে আগামী দিনে চট্টগ্রাম জেলার উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।

সাবেক মেয়র ও মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ.জ.ম নাছির উদ্দীন বলেন, বেশ কয়েক বছর ধরে কোভিড-১৯ এর ধাক্কা সামলিয়ে উঠে সারা বিশ্ব যখন মাথা উঁচু করে দাঁড়ানোর স্বপ্ন দেখছিল তখন ইউক্রেন ও রাশিয়ার সর্বনাশা যুদ্ধ সারা বিশ্বের অর্থনীতির চাকাকে স্তব্ধ করে দেয়। এমন অবস্থায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষতা ও বিচক্ষণ নেতৃত্বের কারণে আমাদের অর্থনীতি এখনো টিকে আছে। জেলা পরিষদ নির্বাচনে এ.টি.এম পেয়ারুল ইসলামকে জয়যুক্ত করে প্রান্তিক জনপদের উন্নয়ন ও উৎপাদনের চাকা সচল রাখার জন্য তিনি সকল ভোটারদের ভোট কেন্দ্রে উপস্থিত হওয়ার আহ্বান জানান।

জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী এ.টি.এম পেয়ারুল ইসলাম জনপ্রতিনিধি ও সকল শ্রেণী পেশার নাগরিকদের নিয়ে প্রতিটি উপজেলায় সুষম বন্টন নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর আকাঙ্খা লক্ষ্যে বাস্তবায়নের সকল ভোটারের কাছে আনারস মার্কায় তাদের মূল্যবান ভোট প্রদান করে তাকে নির্বাচিত করার অনুরোধ জানান।

ডোর টু ডোর বর্জ্য ব্যবস্থাপনা উত্তরা আবাসিক এলাকা নেতৃবৃন্দের সাথে বৈঠকে মেয়র

## নগরীকে পরিষ্কার-পরিচ্ছন্ন ও দুষণমুক্ত রাখতে ডোর টু ডোর সহায়ক ভূমিকা পালন করবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে পাইলট প্রজেক্ট হিসেবে নগরীর ২৪নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ডকে ডোর টু ডোর বর্জ্য ব্যবস্থাপনার আওতায় আনা হয়েছে। বর্জ্য ব্যবস্থাপনাকে আধুনিকায়ন করে বর্জ্য সংগ্রহ পৃথকীকরণ পরিবহন ও নিষ্পত্তির জন্য সম্প্রতি শুরু করা হয়। আপনাদের বাড়ি-ঘর, শিল্প-কারখানার বর্জ্য যত্রতত্র না ফেলে ডোর টু ডোর কর্মীদের হাতে তুলে দেবেন, তারা ঘর-বাড়িতে গিয়ে তা সাংগ্রহ করবে। আজ মঙ্গলবার বিকালে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনের মেয়র কক্ষে উত্তরা আবাসিক এলাকার নেতৃবৃন্দের সাথে বৈঠককালে তিনি একথা বলেন। এসময় উপস্থিত ছিলেন-উত্তরা আবাসিক এলাকার সভাপতি মো. আতিক উল্লাহ, আবু তাহের, ফরিদুল আলম, মো. মহসীন, সরফুদ্দিন আহমদ প্রমুখ।

তিনি আরো বলেন, বর্জ্য ব্যবস্থাপনাকে আমরা আধুনিক ম্যানেজমেন্ট সিস্টেমে আনার চেষ্টা করছি। আপনারা ডাস্টবিন, রাস্তা ও ড্রেনে ময়লা আবর্জনা ফেলবেন না। বাসা-বাড়ি হতে ডোর টু ডোর কর্মীগণ ময়লা সংগ্রহ করে নির্দিষ্ট স্থানে রাখবে। পরিবেশ সুন্দর, দূর্গন্ধ ও জীবাণু মুক্ত রাখতে বর্জ্য আবদ্ধ অবস্থায় সংগ্রহ করবে। তিনি বলেন, ডোর টু ডোর বর্জ্য ব্যবস্থাপনায় এশিয়ার বিভিন্ন শহর পরিষ্কার-পরিচ্ছন্ন ও দূষণমুক্ত হয়েছে। মেয়র এই উদ্যোগের সফল বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযানে ১ ব্যক্তিকে ৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী রোজ ভ্যালী হাউজিং সোসাইটি এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে বিভিন্ন বাড়ীর ছাদ বাগানে অভিযান পরিচালন করেন। এই সময় একটি নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫ হাজার টাকা জরিমানা করা হয়  এবং ফয়েজলেকস্থ বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র এলাকায় মশার ঔষধ ছিটানোর অভিযান পরিচালনা করা হয়। এতে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**চসিক আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিনের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে মেয়র**

## সৎ-দক্ষ কর্মকর্তা আন্তরিকতা দিয়ে কাজ করলে দেশের চেহারা পাল্টে দিতে পারে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, একজন সৎ, নিষ্ঠাবান কর্মকর্তা তাঁর মেধা ও দক্ষতা দিয়ে আন্তরিকতার সাথে কাজ করলে প্রতিষ্ঠান নয় দেশের সার্বিক চেহারা পাল্টে দিতে পারে। আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন চট্টগ্রাম সিটি কর্পোরেশনে দায়িত্ব পালনকালে তাঁর মেধা ও শ্রম দিয়ে সিটি কর্পোরেশনের জন্য একটি লিগ্যাল ফাউণ্ডেশন তৈরী করে গেছেন। এই কাজের জন্য সিটি কর্পোরেশন তাকে স্মরণে রাখবে। আজ মঙ্গলবার বিকালে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনের সম্মেলন কক্ষে আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিনের পদোন্নতি ও বদলীজনিত কারণে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেমের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন-সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবদুস

সালাম মাসুম, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, বিদায় আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন, দায়িত্বপ্রাপ্ত আইন কর্মকর্তা মনীষা মহাজন, নির্বাহী প্রকৌশলী  আশিকুল ইসলাম, ভূ-সম্পত্তি কর্মকর্তা মো. জসিম উদ্দিন, সিবিএ সভাপতি ফরিদ আহমদ। উপস্থিত ছিলেন-তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাশ, আকবর আলী, উপসচিব আশেক রসুল চৌধুরী টিপু, অতি. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, নির্বাহী প্রকৌশলী মীর্জা ফজলুল কাদের, আনোয়ার জাহান, সিবিএ সিনিয়র সহসভাপতি জাহিদুল আলম চৌধুরী, সাধারণ সম্পাদক মুজিবুল হক সহ কর্মকর্তা-কর্মচারী বৃন্দ।

মেয়র আরো বলেন, প্রতিষ্ঠানে আমরা কেউই চিরস্থায়ী নই, প্রতিষ্ঠান চিরস্থায়ী। প্রতিষ্ঠানে কেউ ভালো কাজ করে গেলে প্রজন্ম পরম্পরা তাঁর সুফল পাবে। ভালো কাজের জন্য তিনি স্মরনীয়  হয়ে থাকবেন। তেমনি জসিম উদ্দিন সিটি কর্পোরেশনের ভূ-সম্পত্তি রক্ষার স্বার্থে যে নীতিমালা ও প্রবিধান তৈরী করে গেছেন তা স্মরণীয় হয়ে থাকবে বলে অভিমত ব্যক্ত করেন। মেয়র তাঁর বদলীকৃত কর্মস্থলে আরো সফলতার স্বাক্ষর রাখবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম বলেন, আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন ছিল সিটি কর্পোরেশনের জন্য ভরসার স্থল। তাঁর কর্মস্পৃহা ও আন্তরিকতা চাকুরী জীবনে তাঁকে অনেক উপরে নিয়ে যাবে বলে অভিতম ব্যক্ত করেন। পরে চসিকের পক্ষ থেকে সংবর্ধিত অতিথিকে ক্রেস্ট ও উপহার সামগ্রী প্রদান করা হয়।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩